



বাংলা একাডেমি  
ঢাকা ১০০০

## অমর একুশে গ্রন্থমেলা ও অনুষ্ঠানমালা ২০২০ স্পন্সরশিপ সংক্রান্ত বিজ্ঞপ্তি

পত্র সংখ্যা : ক্রনিস-১১৪৮/২০১৯/৯৪২/বাএ

তারিখ: ২৫.০৯.২০১৯

বাংলা একাডেমি প্রতি বছরের ন্যায় আগামী ০১.০২.২০২০ তারিখ থেকে ২৯.০২.২০২০ তারিখ পর্যন্ত 'অমর একুশে গ্রন্থমেলা ২০২০' আয়োজন করতে যাচ্ছে। 'অমর একুশে গ্রন্থমেলা ২০২০' আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য দেশীয় ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম (কোম্পানি) / ব্যাংক / বীমা / আর্থিক প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট দেশীয় প্রতিষ্ঠানের নিকট থেকে বাংলা একাডেমি স্পন্সর গ্রহণে আহ্বান করা হয়েছে। এ সংক্রান্ত কাজের বিবরণী (ইভেন্টসমূহ) ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে বাংলা একাডেমির ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবনের ৫ম তলায় অবস্থিত হিসাবরক্ষণ ও বাজেট উপবিভাগ থেকে ১৫.১০.২০১৯ইং তারিখ মঙ্গলবার বিকাল ৫.০০টা পর্যন্ত সংগ্রহ করা যাবে।

স্পন্সর করতে আহ্বান করা প্রতিষ্ঠানের নিকট থেকে মুখবন্ধ খামে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আহ্বান করা প্রতিষ্ঠানকে আগামী ১৬.১০.২০১৯ তারিখ বুধবার দুপুর ১২.০০টার মধ্যে প্রস্তাব জমা প্রদান করতে হবে। প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ বিবেচনা করে একাডেমি স্পন্সরকারী প্রতিষ্ঠান চূড়ান্ত করবে।

স্পন্সর গ্রহণ সংক্রান্ত যে কোনো বিষয়ে বাংলা একাডেমির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সচিব  
বাংলা একাডেমি, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১১২১৬